# EDUTOUCH COACHING INSTITUTE

(A Unit of Edutouch Welfare Foundation, Registered Under Govt. of India)

সরকারি চাকরির প্রস্তুতির এক নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

## Weekly Current Affairs – 19th - 25th Aug' 2025

### জাতীয় ঘটনাবলি

1. ভারতের প্রথম শহর হিসেবে বারাণসীতে রেলওয়ে ট্র্যাকের মাঝে প্রথম Removable Solar Panels বসাল ইন্ডিয়ান রেলওয়ে।
2. ভারতের প্রথম সম্পূর্ণ মহিলা পরিচালিত Clean Street Food Hub উদ্বোধন করা হল মুম্বাইয়ে। FSSAI-এর নিয়ন্ত্রণাধীন এই ফুড হাবটির নাম মৌলি, উদ্বোধন করেন কেন্দ্রীয় মন্ত্রী পীযূষ গোয়েল।
3. ই-স্পোর্টস এবং অনলাইন জুয়া খেলা নিয়ন্ত্রণ করার জন্য Online Gaming Bill পাশ করল ভারত। নিয়ম লঙ্ঘনকারীর বিরুদ্ধে 1 কোটি টাকা পর্যন্ত জরিমানা এবং 3 বছরের কারাদণ্ডের শাস্তি রাখা হয়েছে।
4. Agni-5 নামে ইন্টারমিডিয়েট-রেঞ্জ ব্যালিস্টিক মিসাইল সফলভাবে পরীক্ষা করল ভারত।
5. 2035 সালে নিজস্ব স্পেস স্টেশন লঞ্চ করার লক্ষ্যমাত্রা ঘোষণা করল ভারত। ISRO ভারতীয় অন্তরীক্ষ স্টেশন (BAS) মডেলের প্রথম ছবি প্রকাশ করেছে। BAS-এর প্রথম মডিউল, 2028 সালের মধ্যে উৎক্ষেপণ করা হবে বলে আশা করা হচ্ছে। (বর্তমানে ISS এবং চীনের তিয়ানগং স্পেস স্টেশন - এই দুটি অরবিটাল ল্যাবরেটরি রয়েছে।)
6. 26-28 ডিসেম্বর অল ইন্ডিয়া হোমিওপ্যাথি কংগ্রেস আয়োজিত হবে পশ্চিমবঙ্গে। এটি আয়োজন করছে হোমিওপ্যাথিক মেডিকেল অ্যাসোসিয়েশন অব ইন্ডিয়া।
7. জল জীবন মিশনের 6 বছর পূর্তি পালন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। 2019 সালের 15 আগস্ট এই মিশন ঘোষণা করেন তিনি।
8. পশ্চিমবঙ্গের কলকাতায় তিনটি নতুন মেট্রো সংযোগের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এই নতুন সংযোগগুলি শিয়ালদহ থেকে এসপ্ল্যানেড (2.45 কিমি), নোয়াপাড়া থেকে জয় হিন্দ বিমানবন্দর (6.77 কিমি) এবং হেমন্ত মুখোপাধ্যায় থেকে বেলেঘাটা (4.39 কিমি) পর্যন্ত তিনটি ভিন্ন কলকাতা মেট্রো করিডোর জুড়ে বিস্তৃত। এছাড়াও কলকাতায় 5,200 কোটি টাকার উন্নয়ন প্রকল্পের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী মোদী।
9. গগনযান মিশনের জন্য ইসরো সফলভাবে প্রথম সমন্বিত এয়ার ড্রপ পরীক্ষা পরিচালনা করেছে। ইসরো জানিয়েছে যে, তারা গগনযান মিশনের জন্য প্যারাসুট-ভিত্তিক ডিসিলারেশন সিস্টেমের এন্ড-টু-এন্ড প্রদর্শনের জন্য প্রথম ইন্টিগ্রেটেড এয়ার ড্রপ টেস্ট (IADT-01) সফলভাবে সম্পন্ন করেছে। ইসরো, ভারতীয় বিমান বাহিনী, DRDO, ভারতীয় নৌবাহিনী এবং ভারতীয় উপকূলরক্ষী বাহিনীর যৌথ প্রচেষ্টায় এই পরীক্ষা করা হয়েছে। ইসরো এই বছরের ডিসেম্বরে গগনযানের প্রথম আনক্রুড মিশন উৎক্ষেপণ করবে। ISRO গগনযান মিশনের প্রথম টেস্ট ফ্লাইট অনুষ্ঠিত করবে 2025 সালের ডিসেম্বরে।
10. বিহারের গয়ায় Aunta-Simaria Project উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।
11. "Ran Samwad" নামে প্রথম ত্রি-পরিষেবীয় সেমিনার হোস্ট করবে প্রতিরক্ষা মন্ত্রক।
12. অপুষ্টি এবং অ্যানিমিয়া-মুক্ত ভারত গড়তে Fortified Rice Schemeb-এর সময়সীমা বৃদ্ধি করে নতুন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হল 2028 সাল। নিয়মিত ভাতের সাথে চালের গুঁড়ো দিয়ে তৈরি মাইক্রোনিউট্রিয়েন্ট-যুক্ত দানা মিশিয়ে ফর্টিফায়েড চাল তৈরি করা হয়, রান্নার পরেও এই চালের পুষ্টিগুণ বজায় থাকে। প্রধানমন্ত্রী গরীব কল্যাণ আন্না যোজনা (PMGKAY), পিএমপোষন --এই স্কিমের আওতায় এই চাল প্রদান করা হয়।
13. ভারতের প্রথম সম্পূর্ণ ডিজিটাল সাক্ষর রাজ্য হল কেরালা। 2023 সালে চালু হওয়া "ডিজি কেরালাম" প্রোগ্রামের মাধ্যমে বয়স নির্বিশেষে সকল নাগরিকদের কাছে ডিজিটাল স্বাক্ষরতা ও ই-পরিষেবা প্রদান করা হবে।
14. পঞ্চম প্রজন্মের যুদ্ধবিমান ইঞ্জিন তৈরির জন্য ভারতীয় সংস্থা DRDO এবং ফ্রান্সের Safran কোম্পানির মধ্যে একটি অংশীদারিত্ব স্বাক্ষর হয়েছে। সাফরান প্রযুক্তি এবং IPR (Intellectual Property Rights) হস্তান্তর করবে। 10-12 বছরের মধ্যে প্রস্তুত হওয়া এই ইঞ্জিনগুলি ভারতের পরবর্তী প্রজন্মের অ্যাডভান্সড মিডিয়াম কমব্যাট এয়ারক্রাফ্ট (AMCA)/যুদ্ধবিমানগুলিকে শক্তি দেবে।
15. ভারত এশিয়া-প্যাসিফিক ইনস্টিটিউট ফর ব্রডকাস্টিং ডেভেলপমেন্ট (AIBD)-এর এক্সিকিউটিভ বোর্ডের চেয়ারম্যান নির্বাচিত হয়েছে।
16. ভারতের বৃহত্তম সেমিকন্ডাক্টর এবং ইলেকট্রনিক্স শো সেমিকন ইন্ডিয়া 2025 (চতুর্থ সংস্করণ) 2-4 সেপ্টেম্বর 2025 তারিখে নয়াদিল্লির যশোভূমিতে অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি কর্তৃক উদ্বোধন হতে চলা এই ইভেন্টে স্থানীয় সেমিকন্ডাক্টর ইকোসিস্টেম সম্প্রসারণ এবং শিল্প প্রবণতা তুলে ধরা হবে।

EDUTOUCH - 9123648141

17. ভারতীয় সেনাবাহিনী আসামের তিনসুকিয়া জেলার লাইপুলিতে 'সমন্বয় শক্তি 2025' মহড়া শুরু করেছে। এই মহড়াটি আসাম এবং মণিপুর কর্মকর্তাদের সাথে একটি সামরিক-বেসামরিক উদ্যোগ। এর উদ্দেশ্য- আঞ্চলিক চ্যালেঞ্জ মোকাবেলায় নিরাপত্তা বাহিনী, সরকারি বিভাগ এবং বেসামরিক প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয় তৈরি করা।
18. Global Spiritual Tourism Conclave 2025 হোস্ট করলো উজ্জয়িনী, মধ্যপ্রদেশ। এই অনুষ্ঠানটি কেন্দ্রীয় পর্যটন মন্ত্রণালয় এবং মধ্যপ্রদেশ পর্যটন বোর্ডের সহযোগিতায় PHD চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (PHDCCI) দ্বারা আয়োজিত হচ্ছে। বর্তমানে কেন্দ্রীয় পর্যটনমন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত।
19. পৌরসভার কর্মীদের জন্য 01 কোটি টাকা জীবন বীমা ঘোষণা করলো অন্ধ্রপ্রদেশ সরকার।
20. ভারতের নিউ দিল্লিতে প্রথম অফিস খুলবে OpenAI কোম্পানি। OpenAI-হল একটি আমেরিকান কৃত্রিম বুদ্ধিমত্তা গবেষণামূলক কোম্পানি।
21. দিল্লি বিধানসভায় All India Speakers' Conference 2025 উদ্বোধন করলেন কেন্দ্রীয় মন্ত্রী অমিত শাহ।
22. 2 দিন ব্যাপী National Summit on Technical Textiles and Viksit Bharat অনুষ্ঠিত হল বিহারের পাটনায়।

## <u>আন্তর্জাতিক ঘটনাবলি</u>

1. প্রথম World Humanoid Robot Games 2025 অনুষ্ঠিত হচ্ছে চীনের বেজিংয়ে।
2. ভারতের সাথে সাংস্কৃতিক বন্ধন ও মিত্রতা উদযাপন করার জন্য 6 দিন ব্যাপী Indian Cinema Festival শুরু হল শ্রীলঙ্কায়।
3. ভারত এবং শ্রীলঙ্কার নেভির মধ্যে দ্বাদশ সংস্করণ SLINEX-2025 মহড়া শুরু হল কলম্বো বন্দরে। পূর্বাঞ্চলীয় নৌবহরের আইএনএস জ্যোতি এবং আইএনএস রানা এবং শ্রীলঙ্কার নৌবাহিনীর জাহাজ SLNS সায়ুরা এবং SLNS বিজয়বাহু এই মহড়ায় অংশগ্রহণ করেছে।
4. 2036 সালে শুক্র গ্রহের উদ্দেশ্যে "Venera-D" মিশন লঞ্চ করবে রাশিয়া। 2026 সালের জানুয়ারিতে প্রাথমিক নকশার কাজ শুরু হবে। এই মিশনে একটি ল্যান্ডার, একটি বেলুন প্রোব এবং একটি অরবিটাল মহাকাশযান উৎক্ষেপণ করা হবে।
5. লিঙ্গ-ভিত্তিক বৈষম্যের ক্ষেত্রে দক্ষিণ এশিয়ার দেশগুলির মধ্যে সর্বনিম্ন স্থানে রয়েছে পাকিস্তান।
6. ব্যবসায়িক লাইসেন্সিং সহজতর করতে এবং বিশ্বব্যাপী বিনিয়োগ আকর্ষণ করতে 'One Freezone Passport' লঞ্চ করল দুবাই।
7. সম্প্রতি রুবেলা মুক্ত দেশ হিসাবে ঘোষিত হল নেপাল।
8. চাঁদে পারমাণবিক চুল্লি তৈরির পরিকল্পনা করছে NASA.
9. ওমান উপসাগরে "Sustainable Power 1404" নামে মিসাইল ড্রিল আয়োজন করল ইরান।
10. সম্প্রতি ভিসা আবেদন ও ভিসা প্রদানের পদ্ধতি সহজতর করতে Nusuk Umrah নামে ডিজিটাল প্লাটফর্ম লঞ্চ করলো সৌদি আরব।
11. সম্প্রতি গ্রেপ্তার হয়েছেন শ্রীলঙ্কার প্রাক্তন রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী রনিল বিক্রমাসিংহে।
12. S/2025 U1 নামে ইউরেনাস গ্রহের 29তম উপগ্রহ আবিষ্কার করল নাসার জেমস ওয়েব টেলিস্কোপ।
13. 5 থেকে 12 অক্টোবর, 2025 68th Commonwealth Parliamentary Conference অনুষ্ঠিত হবে বার্বাডোজের ব্রিজটাউনে। এই সম্মেলনে ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্ব দেবেন লোকসভার স্পিকার ওম বিড়লা।
14. ওমান বার্ষিক 10 লক্ষ ভারতীয় পর্যটক আকর্ষণের একটি উচ্চাভিলাষী লক্ষ্য নির্ধারণ করেছে। 2024 সালে ভারত থেকে 7 লক্ষ পর্যটক ওমানে গেছিল।

## <u>নিয়োগ</u>

1. জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল-এর সহকারী হিসেবে দায়িত্ব গ্রহণ করলেন অবসরপ্রাপ্ত আই পি এস অফিসার অনিশ দয়াল সিং, RAW এর প্রাক্তন শীর্ষকর্তা রাজেন্দ্র কুমার, অবসরপ্রাপ্ত আই পি এস অফিসার টি ভি রামাচন্দ্রন এবং ইন্ডিয়ান ফরেন সার্ভিসের প্রাক্তন শীর্ষকতা পবন কাপুর।
2. নাগাল্যান্ডের রাজ্যপাল হিসাবে অতিরিক্ত দায়িত্ব গ্রহণ করলেন মণিপুরের গভর্নর অজয় কুমার ভাল্লা।
3. পূর্ববর্তী রাজ্যপাল লা গনেশান সম্প্রতি প্রয়াত হয়েছেন।
4. নতুন দিল্লি পুলিশ কমিশনার হিসেবে নিযুক্ত হলেন সতীশ গোলচা।
5. ভারতে মার্কিন রাষ্ট্রদূত হিসেবে সার্জিও গোরকে নিযুক্ত করেছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।
6. 2025-26 সালের জন্য Advertising Agencies Association of India (AAAI)-এর প্রেসিডেন্ট পদে পুনরায় নির্বাচিত হলেন শ্রীনিবাসন কে. স্বামী।

EDUTOUCH- 9123648141

## পুরস্কার

1. Miss Universe India 2025 শিরোপা জিতলেন রাজস্থানের মনিকা বিশ্বকর্মা।
2. নাসা কর্তৃক প্রদত্ত নর্থস্টার সম্মানে ভূষিত হলেন ডক্টর গৌতম চট্টোপাধ্যায়। হুগলির এই বাসিন্দা নাসার জেট প্রোফাইলসন ল্যাবরেটরির একজন বিজ্ঞানী।

## দিন/থিম

1. ভারত 23 আগস্ট,2025 তারিখে দ্বিতীয় জাতীয় মহাকাশ দিবস (National Space day) উদযাপন করছে। 2025 সালের থিম - "Aryabhatta to Gaganyaan: Ancient Wisdom to Infinite Possibilities". এই উপলক্ষে বিশেষ অনুষ্ঠান আয়োজিত হয় দিল্লির ভারতমন্ডপমে। অনুষ্ঠানের থিম- "বিকশিত ভারত 2047-এর জন্য মহাকাশ প্রযুক্তি এবং প্রয়োগের সুবিধা প্রদান (Leveraging Space Technology and Applications for Viksit Bharat 2047)"

## খেলাধুলা

1. 134তম টুরান্ড কাপ বিজয়ী হল নর্থ ইস্ট ইউনাইটেড। কলকাতা যুবভারতী ক্রীড়াঙ্গনে আয়োজিত ফাইনালে ডায়মন্ড হারবার এফসিকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়ে তারা।
2. IOC Mental Health Ambassador হিসাবে নিযুক্ত হলেন অভিনব বিন্দ্রা। (অভিনব বিন্দ্রা শ্যুটিং খেলার সাথে যুক্ত, তিনি 2008 সালের বেইজিং অলিম্পিকে 10 মিটার এয়ার রাইফেল ইভেন্টে স্বর্ণপদক জিতেছিলেন)।
3. Armed Forces Inter Services Squash Championship 2025-26 জিতল ইন্ডিয়ান নেভি। চণ্ডীগড়ে আয়োজিত ফাইনালে ম্যাচে 2-1 গোলে তারা পরাজিত করে এয়ার ফোর্স দলকে। 10-14 আগস্ট অনুষ্ঠিত এই চ্যাম্পিয়নশিপে চারটি দল - আর্মি রেড, আর্মি গ্রিন, এয়ার ফোর্স এবং ইন্ডিয়ান নেভি অংশগ্রহণ করে।
4. ITTF World Para Elite Championships-এ স্বর্ণপদক জিতলেন ভারতের প্যারা-টেবিল টেনিস খেলোয়াড় ভাবিনা প্যাটেল।
5. প্রথম Cincinnati Open টাইটেল জিতলেন স্পেনের টেনিস খেলোয়াড় কার্লোস আলকারাজ। অসুস্থতার কারণে জ্যানিক সিনার অবসর নেওয়ায় জয়ী হয়েছেন কার্লোস আলকারাজ।
6. প্রথম খেলোয়াড় হিসেবে তৃতীয়বার PFA Player of the Year 2025 Award পেলেন মহম্মদ সাল্লাহ।
7. বেজিংয়ে অনুষ্ঠিত AI Olympiad-এ তৃতীয় স্থান অর্জন করল ভারতীয় দল।
8. 16th Asian Shooting Championship-এ স্বর্নপদক জিতলেন ভারতীয় শ্যুটার রাশ্মিকা সাহগল।
9. ম্যাচ ফিক্সিংয়ের অভিযোগে 5 বছরের জন্য সমস্ত ধরনের ক্রিকেট থেকে ব্যান হলেন শ্রীলঙ্কার ক্রিকেটার Saliya Saman.
10. Commonwealth Weightlifting Championship, Asian Aquatics Championship এবং AFC U-17 Asian Cup Qualifiers হোস্ট করবে আহমেদাবাদ।
11. Asian Shooting 2025-এ স্বর্ণপদক জিতলেন ভারতীয় শুটার ঐশ্বরী তোমার।
12. সম্প্রতি সমস্ত ধরনের ভারতীয় ক্রিকেট থেকে অবসর নিলেন চেতেশ্বর পুজারা।
13. সংসদে অনলাইন গেমিং প্রমোশন অ্যান্ড রেগুলেশন বিল, 2025 পাস হওয়ার পর, বিসিসিআই (BCCI) আনুষ্ঠানিকভাবে Dream 11-এর সাথে তাদের অংশীদারিত্বের বিচ্ছিন্ন করল।

## প্রকল্প/ পরিষেবা

1. দুঃস্থ,দরিদ্র মানুষদের 5 টাকায় খাবার প্রদান করতে 'অটল ক্যান্টিন' লঞ্চ করলেন দিল্লীর মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা।
2. ইঞ্জিনিয়ারদের জন্য AI-Powered Bridge Management Training লঞ্চ করল বিহার।
3. আদি কর্মযোগী অভিযান লঞ্চ করল উপজাতি বিষয়ক মন্ত্রক। ভারতের 1 লক্ষ আদিবাসী গ্রামে 20 লক্ষ নিম্নস্তরের পরিবর্তনসাধনকারী কর্মযোগীদের একটি ক্যাডার তৈরি করা হবে। অভিযোগ নিষ্পত্তি উন্নত করা এবং উপজাতি সম্প্রদায়ের মধ্যে অংশগ্রহণমূলক ও জনকেন্দ্রিক শাসনব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে কাজ করবে কর্মযোগীরা।



EDUTOUCH - 9123648141

## বাণিজ্য এবং অর্থ ব্যবস্থা

1. চলতি অর্থবছরের প্রথম প্রান্তিকে ভারতের ইলেকট্রনিক্স রপ্তানি 47 শতাংশ বৃদ্ধি পেয়েছে।
2. 2025-26 অর্থবছরের জন্য ভারতের রপ্তানি লক্ষ্যমাত্রা 1 ট্রিলিয়ন মার্কিন ডলার স্থির করা হয়েছে।
3. UPI ব্যবহারের রাজ্যগুলির মধ্যে শীর্ষস্থানে রয়েছে মহারাষ্ট্র। স্টেট ব্যাংক অফ ইন্ডিয়ার অর্থনৈতিক গবেষণা বিভাগের (ERD) রিপোর্ট অনুসারে দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে কর্ণাটক ও উত্তরপ্রদেশ। 12 তম স্থানে রয়েছে পশ্চিমবঙ্গ। 2025 সালের জুলাই মাসে, UPI লেনদেনের পরিমাণ (9.8%) এবং মূল্য (9.2%) উভয়েরই বৃহত্তম অংশ ছিল মহারাষ্ট্র।
4. 2023-24 বর্ষে ভারতে মোট মাছ উৎপাদন 182.70 লক্ষ টন। সামুদ্রিক মাছ উৎপাদন 44.95 লক্ষ টন। সামুদ্রিক পণ্য রপ্তানি 17.81 লক্ষ টন, যার মূল্য ₹ 60523.89 কোটি।
5. 'Parallel' নামে AI স্টার্ট আপ লঞ্চ করলেন পরাগ আগ্রাবাল। (ভারতীয় প্রযুক্তিবিদ পরাগ আগ্রাবাল পূর্বে টুইটার কোম্পানির সিইও পদে ছিলেন)।

## অ্যাপ ও পোর্টাল

1. সংবাদপত্র এবং সাময়িকী রেজিস্ট্রেশনের জন্য লঞ্চ করা হল Press Sewa পোর্টাল।

## বিবিধ

1. দিদায়ি উপজাতি থেকে প্রথম NEET পরীক্ষা পাশ করল ওড়িশা রাজ্যের চম্পা রাম্পেদা।

## মৃত্যু বার্তা

1. সম্প্রতি 91 বছর বয়সে মারা গেলেন অভিনেতা অচ্যুত পোতদার। ছিলেন একজন ভারতীয় অভিনেতা যিনি 125টিরও বেশি বলিউড ছবিতে কাজ করেছিলেন।
2. সম্প্রতি 88 বছর বয়সে মারা গেলেন আমেরিকার বিখ্যাত বিচারপতি Frank Caprio. তিনি 'Nicest Judge in the World' হিসাবে পরিচিত ছিলেন।
3. সম্প্রতি 65 বছর বয়সে প্রয়াত হলেন পাঞ্জাবের কমেডিয়ান জশবিন্দর ভাল্লা।

EDUTOUCH - 9123648141